

৩১শে ডিসেম্বরের মধ্যে পাঠ্যবই সরবরাহের নির্দেশ

২০০৩ শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক ও মাধ্যমিক স্তর এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের এখতিয়ারি ৩/১৫খিল ভরের পাঠ্যপুস্তক মুদ্রণ, বাণ্যাই, সরবরাহ এবং বাজারজাতকরণ সম্পর্কিত এই সভা বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান কালেক সভায় সভাপতিত্ব করেন।

শিক্ষা প্রতিমন্ত্রী আনাম এছানুল হক মিলনে- শিক্ষা উপমন্ত্রী আবদুল সালিম মিলু, শিক্ষা সচিব মোহাম্মদ মহীদুল আলম, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব ডা. তাহমিনা হোসেন, বাংলাদেশ মুদ্রণ নিয়ন্ত্রণ সমিতি, বাংলাদেশ পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিপণন সমিতি, বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি এবং বাংলাদেশ পুস্তক বাণ্যাই ব্যবসায়ী সমিতির প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় বইয়ের কাগজ সরবরাহ, মুদ্রণ পদ্ধতি, সংস্করণ, সরবরাহ ও বাজারজাতকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

বইয়ের মুদ্রণ কাজ শেষে বিতরণ ও বাজারজাতকরণের উদ্দেশ্যে ২০০২ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে যাতে সেলবাণী বই পৌছানোর কাজ শেষ হয় তা নিশ্চিত করতে শিক্ষামন্ত্রী সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তথ্য বিবরণী।